**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 28.08.2026** **Desk in Charge :**

**Time: 1-40PM** **Edit. & Compile : Prabal B.**

**DEO:- KB** **NRT : Prabal B.**

*************************************************************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী দেশের বাইরের শত্রুদের মোকাবিলায় ভারতীয় সেনার ভূমিকার প্রশংসা করে দেশের অভ্যন্তরের দেশবিরোধী শক্তির বিরুদ্ধে লড়াইয়ের আহ্বান জানিয়েছেন। দক্ষিণ কলকাতার ভবানীপুরে রাজ্য সরকারের উদ্যোগে আয়োজিত রাখিবন্ধন উৎসবে যোগ দিয়ে তিনি বলেন, দেশের ভিতরে থেকে যারা দেশবিরোধী কাজ করছে, তাদের বিরুদ্ধে সমাজকেই রুখে দাঁড়াতে হবে।

মুখ্যমন্ত্রী বলেন, বাইরের শত্রুদের সঙ্গে লড়ছে ভারতীয় সেনা। অপারেশন সিঁদুর তার প্রমাণ। কিন্তু ঘরের শত্রুদের, অর্থাৎ যারা ভারতের ভিতরে থেকে দেশের বিরুদ্ধে কাজ করছে, তাদের বিরুদ্ধে মানুষকে ঐক্যবদ্ধ হতে হবে। 'আজাদি' স্লোগানের'ও তীব্র সমালোচনা করেন মুখ্যমন্ত্রী।

এবার রাজ্য সরকার রাখিবন্ধনকে 'দেশপ্রেমের বন্ধন উৎসব' হিসেবে পালন করছে বলে জানান তিনি। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের প্রায় সাড়ে তিন হাজার গ্রাম পঞ্চায়েত এবং বিভিন্ন পুরসভা এলাকায় একযোগে এই কর্মসূচি পালিত হচ্ছে।

****************************

রাজ্যের তরুণ প্রজন্মকে আধুনিক শিক্ষায় শিক্ষিত হয়ে রাজ্য গঠনে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। দুপুরে নজরুল মঞ্চে মুখ্যমন্ত্রী বলেন, ন্যুনতম সামরিক শিক্ষার প্রসারে সব স্কুল কলেজে আবার NCC, NSS চালু করা হবে। সেইসঙ্গে ব্রতচারীকেও আবার চালু করা হবে। তিনি রাখীবন্ধনের ঐতিহাসিক তাৎপর্য তুলে ধরেন।

( বাইট- শুভেন্দু )

যাদবপুর এইট বি বাসস্ট্যান্ডে আজ বিকেলে ১০ হাজার কণ্ঠে 'বন্দেমাতরম' গাওয়া হবে। মুখ্যমন্ত্রী এই অনুষ্ঠানে অংশ নেবেন।

****************************

শিলিগুড়িতে পর্যটনমন্ত্রী শংকর ঘোষ রাখি বন্ধন উৎসব উপলক্ষে বিভিন্ন কর্মসূচীতে অংশ নেন। আজ সেখানকার ২৪ নম্বর ওয়ার্ডে আয়োজিত রাখি বন্ধন উৎসবে দলীয় কর্মী-সমর্থকদের পাশাপাশি এলাকার স্থানীয় মহিলারাও উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাখি বন্ধনের তাৎপর্য ও সামাজিক সম্প্রীতির বার্তার কথা তুলে ধরেন তিনি। উৎসবে অংশ নেওয়া মহিলারাও মন্ত্রীকে রাখি পরিয়ে শুভেচ্ছা জানান।

হুগলী চুচুঁড়া, পৌর যুব কল্যাণ ও ক্রীড়া দপ্তরের আয়োজনে পৌরসভা এলাকায় পাঁচটি জায়গায় আজ রাখিবন্ধন উৎসব পালিত হচ্ছে।

****************************

কৃষি প্রযুক্তিবিদদের সংগঠন 'স্টেট এগ্রিকালচারাল টেকনোলজিস্টস সার্ভিস এসোসিয়েশন', আজ কৃষকদের সঙ্গে রাখী বন্ধন উৎসব উদযাপন করে। বহরমপুর, রঘুনাথগঞ্জ দুই, ভগবানগোলা এক ব্লকে কৃষকদের রাখি পরানোর পাশাপাশি মিষ্টিমুখ করানো হয়। বহরমপুর ব্লকের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠনের জেলা নেতৃত্ব ও উপ কৃষি অধিকর্তা।

****************************

সিভিক ভলান্টিয়ারদের মাসিক সাম্মানিক ২ হাজার টাকা বাড়ানোর বিজ্ঞপ্তি প্রকাশ করেছে রাজ্য সরকার। গতকাল স্বরাষ্ট্র দপ্তর থেকে এই সংক্রান্ত নির্দেশিকায় জানানো হয়েছে ১ অগাস্ট থেকে এই সিদ্ধান্ত কার্যকর হবে। এর ফলে সিভিক ভলেন্টিয়ারদের মাসিক সাম্মানিক ১০ হাজার টাকা থেকে বেড়ে ১২ হাজার টাকায় দাঁড়ালো। রাজ্য ও কলকাতা পুলিশের অধীনে নিযুক্ত সমস্ত সিভিক ভলেন্টিয়ার দের জন্যই এই নির্দেশ কার্যকর হবে।

****************************

মুষ্টিমেয় কিছু পড়ুয়ার জন্য যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্ষতি হচ্ছে বলে মনে করেন রাজ্যের মন্ত্রী দিলীপ ঘোষ। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সাম্প্রতিক ঘটনার প্রেক্ষিতে আকাশবাণীকে একান্ত সাক্ষাৎকারে রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষ বলেন, বহু বছর ধরে যাদবপুর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে আলাদা একটা দ্বীপের মতো করে রাখা হয়েছে। ক্যাম্পাসের মধ্যে দেশবিরোধী স্লোগান লেখার অভিযোগও তোলেন তিনি। সার্বিকভাবে যার পরিবর্তন শুরু হয়েছে বলে তাঁর দাবি।

( বাইট – দিলীপ ঘোষ )

*****************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগামীকাল বীরভূম জেলা সফরে যাচ্ছেন।

প্রশাসন সূত্রে জানা গেছে, সকালে তারাপুর শিশু মন্দিরের মাঠে হেলিকপ্টারে নামবেন মুখ্যমন্ত্রী। বেলা ১১টা নাগাদ মন্দিরে পুজো দেওয়ার পর, রক্তকরবী পুরমঞ্চেই তিনি একটি প্রশাসনিক পর্যালোচনা বৈঠকে যোগ দেবেন। জেলা প্রশাসন পক্ষ থেকে প্রত্যেকটি দপ্তরকে নিজেদের রিপোর্ট তৈরি করতে বলা হয়েছে।

এদিকে মুখ্যমন্ত্রীর সফর অন্যদিকে আসন্ন কৌশিকী অমাবস্যায় লক্ষাধিক পুণ্যার্থীর ভিড় - এই চ্যালেঞ্জকে সামনে রেখে প্রস্তুতি শুরু করেছে জেলা প্রশাসন।

*****************************

বর্ষার মরশুমে ডুয়ার্সের বিভিন্ন নদী নিয়ে সতর্কতা জারি করল পুলিশ ও প্রশাসন। মাইকিং করে জলপাইগুড়ি জেলার মাল ব্লকের ওদলাবাড়ি সহ বিভিন্ন এলাকায় সাধারণ মানুষকে সতর্ক করা হচ্ছে। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, বর্ষার কারণে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত কোনও নদী থেকে বালি-পাথর উত্তোলন ও পরিবহণ সম্পূর্ণ বন্ধ থাকবে। নদীতে কোনও ধরনের কাজও করা যাবে না বলেও প্রশাসনের তরফে জানানো হয়েছে।

উত্তরবঙ্গে আগামী কয়েকদিন ভারী বৃষ্টির সম্ভাবনা থাকায় নদী সংলগ্ন এলাকার মানুষের নিরাপত্তার কথা মাথায় রেখে এই সতর্কতামূলক পদক্ষেপ নেওয়া হয়েছে।

*****************************

পূর্ব মেদিনীপুর জেলার এগরা থানার তেলাম গ্রামে গতরাতে একটি চার চাকার গাড়ি খালে পড়ে গেলে দেবশঙ্কর দে নামে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। আজ সকালে গাড়িটিকে খালে পড়ে থাকতে দেখে স্থানীয় মানুষজন পুলিশে খবর দেন। পরে এগরা থানার পুলিশ ক্রেনের সাহায্যে জলে ডোবা গাড়ি তুলে আনতেই ওই ব্যক্তিকে চালকের আসনে পাওয়া যায়। দুর্ঘটনার কারণ জানার চেষ্টা করছে পুলিশ।

**********************************************************************